

# 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৩

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (ﷺ )

পরিচ্ছেদঃ আল্লাহ্র জন্য ভালবাসা।

باب مَا جَاءَ فِي الْحُبِّ فِي اللَّهِ

#### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا كَثِيرُ بْنُ هِشَامٍ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ بُرْقَانَ، حَدَّثَنَا حَبِيبُ بْنُ أَبِي مَرْزُوقٍ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، عَنْ أَبِي مُسْلِمٍ الْخَوْلاَنِيّ، حَدَّثَنِي مُعَاذُ بْنُ جَبَلٍ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ الْمُتَحَابُونَ فِي قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ الْمُتَحَابُونَ فِي جَلاَلِي لَهُمْ مَنَابِرُ مِنْ نُورٍ يَغْبِطُهُمُ النَّبِيُّونَ وَالشَّهَدَاءُ ". وَفِي الْبَابِ عَنْ أَبِي الدَّرْدَاءِ وَابْنِ مَسْعُودٍ وَعُبَادَةَ بْنِ الصَّامِتِ وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي مَالِكِ الأَشْعَرِيِّ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَأَبُو مُسْلِمٍ الْخَوْلاَنِيُّ اسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ ثُوبَ .

#### বাংলা

২৩৯৩. আহমাদ ইবন মানী' (রহঃ) ...... মুআয ইবন জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, আল্লাহ তাআলা ইরশাদ করেনঃ আমার সম্মান ও পরাক্রমের খাতিরে যারা পরস্পরকে ভালবাসে (কিয়ামতের দিন) তাদের জন্য হবে নুরের মিম্বর। নবী ও শহীদগণও তাদের মর্যাদা দর্শনে গীবতা (ঈর্ষা) করবেন। সহীহ, মিশকাত তাহকিক ছানী ৫০১১, তা'লীকুর রাগীব ৪/৪৭, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৯০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবুদ দারদা, ইবন মাসউদ, উবাদা ইবন সামিত, আবূ মালিক আশারী ও আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ। আবূ মুসলিম খাওলানী (রহঃ)-এর নাম হল আবদুল্লাহ ইবন ছাওব।

### **English**

Mu'adh binJabal narrated that the Messenger of Allah (s.a.w) said: "Allah, the Mighty and Sublime, said: 'Those who love each other for the sake of My Majesty shall be upon podiums of light, and they will be admired



## by the Prophets and the martyrs.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন